

Visit of Foreign Minister of Greece to India (March 22-23, 2022)

March 22, 2022

গ্রীসের বিদেশমন্ত্রীর ভারত সফর (মার্চ 22-23, 2022)

মার্চ 22, 2022

বিদেশমন্ত্রী (ইএএম)ডঃ এস জয়শংকরের আমন্ত্রণে গ্রীসের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার নিকোস ডেনডিয়াস 22-23শে মার্চ 2022 তারিখে ভারতে এক সরকারি সফর করবেন। ভারতে বিদেশমন্ত্রী ডেনডিয়াসের এটাই প্রথম সফর।

ভারত এবং গ্রীস ঘনিষ্ঠ ও সৌহার্দ্যপূর্ণ বন্ধনকে উপভোগ করে, যা সমৃদ্ধশালী ঐতিহাসিক অতীতের গভীরে প্রোথিত রয়েছে। দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের একটি ব্যাপক পর্যালোচনা করবেন এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও আলোচনা করবেন। সফররত সম্মানীয় ব্যক্তি ভারতের মাননীয় রাষ্ট্রপতির সাথেও সাক্ষাৎ করবেন।

গতবছরের জুন মাসে বিদেশ মন্ত্রীর এথেন্স সফরকে অনুসরণ করে গ্রীসের বিদেশমন্ত্রীর এই সফর। এই বিনিময় সফর ভারত এবং গ্রীসের মধ্যে বহুমুখী সম্পর্ককে আরও সুদৃঢ় এবং শক্তিশালী করবে।

নিউ দিল্লি

মার্চ 22, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.